JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো, স্পিকার পিলোসির সাথে একত্রে, রেড ফ্ল্যাগ গান প্রতিরক্ষা বিল স্বাক্ষর করেছেন

নতুন বিধানসভা অধিবেশনের প্রথম 100 দিনের মধ্যে--2019 ন্যায়বিচার এজেন্ডার (Justice Agenda) একটি অন্যতম প্রধাণ বিষয়--রেড ফ্ল্যাগ বিল (Red Flag Bill) স্বাক্ষর করার প্রতিশ্রুতি পালন করলেন

আইন, নিজের বা অন্যের জন্য বিপজ্জনক হতে পারে এমন লক্ষণ প্রদর্শনকারী ব্যক্তিদের বন্দুক কেনা ও সাথে রাখা থেকে বিরত রাখে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, বিধানসভা স্পিকার ন্যান্সি পেলোসির সাথে একযোগে, নতুন বিধানসভা অধিবেশনের প্রথম 100 দিনের মধ্যে, 2019 ন্যায়বিচার এজেন্ডার একটি মুখ্য বিষয়, রেড ফ্ল্যাগ বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার প্রতিশ্রুতি পূরণ করলেন। রেড ফ্ল্যাগ, যা চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশ (extreme risk protection order, ERPO) বিল নামেও পরিচিত, তা নিজের বা অন্যের জন্য বিপজ্জনক হতে পারে এমন লক্ষণ প্রদর্শনকারী ব্যক্তিদের যেকোনো ধরনের আগ্নেয়াস্ত্র কেনা ও সাথে রাখা থেকে বিরত করে। এই আইনটি নিউ ইয়র্কের জাতীয়-সর্বোচ্চ শক্তির বন্দুক আইনের সংযোজন, এবং এটি নিউ ইয়র্ককে যুক্তরাষ্ট্রের প্রথম স্টেট করবে যেখানে স্কুলের শিক্ষক ও প্রশাসন কোর্টের হস্তক্ষেপের দ্বারা স্কুলে গুলিবর্ষণ প্রতিহত করতে পারবে।

"অন্যান্য উন্নত জাতিগুলির তুলনায় মার্কিন যুক্তরাষ্ট্রে গুলিচালনায় বেশি মানুষ মারা যান। প্রেসিডেন্ট ট্রাম্পের প্রথম বছরের শাসনকালে, গুলিবিদ্ধ হয়ে 40,000 মানুষ মারা গেছেন - যা 50 বছরের মধ্যে সর্বোচ্চ। নিউ ইয়র্ক শক্তিশালী বন্দুক নিরাপত্তা আইন পাশ করার দ্বারা জাতিকে পথ প্রদর্শন করছে, কিন্তু এই হত্যালীলা শেষ করতে আরও বেশি কিছু অবশ্যই করতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "আজ নিউ ইয়র্ক দেশের মধ্যে প্রথম রেড ফ্ল্যাগ বিল পাশ করার জন্য গর্বিত যা স্কুল শিক্ষকদের যদি মনে হয় খারাপ কিছু ঘটতে চলেছে তাহলে কিছু করার অধিকার প্রদান করবে। আমরা প্রেসিডেন্ট যেমন চান সেরকম শিক্ষকদের বন্দুক প্রদান করে ক্ষমতা প্রদান করছি না - কিন্তু আইনের মাধ্যমে তাদের সসস্ত্র ও শক্রিশালী করছি, যাতে একজন শিক্ষক বা পরিবারের সদস্য যখন কোনো সমস্যার আভাস পাবেন, তারা একজন বিচারকের কাছে গিয়ে একটি আদালত নির্দেশিত মুল্যায়ন পেতে পারেন। রেড ফ্ল্যাগ বিলটি জীবন রক্ষা করবে এবং কোনো ব্যক্তির অধিকারে হস্তক্ষেপ করবে না এবং এটি হল কাণ্ডজ্ঞান।"

"গভর্নর কুওমো, এবং পরিত্রান পাওয়া ব্যক্তিদের এবং বন্দুক দ্বারা সহিংসতা কাজটির প্রতিরোধ করার এই দৃষ্টান্তমূলক আইন কার্যকর করার মাধ্যমে নিউ ইয়র্ক যে ইতিহাস স্থাপন করল তা সমর্থন করার কাজটির সাথে যোগদান করা একটি বিরাট সন্মান", **স্পিকার ন্যান্সি পিলোসি বলেছেন।** "এই বিলগুলি সাহসী পদক্ষেপ এবং সুদূর-প্রসারী, এতে আছে জীবন রক্ষাকারী এবং আমেরিকায় কাণ্ডজ্ঞানহীন বন্দুকের মাধ্যমে সহিংসতার সমস্যাটি শেষ করার বলিষ্ঠ সুস্পষ্ট সমাধান। আর কোনো পরিবার যেন আমাদের স্কুলগুলিতে, ধর্মস্থানে, রাস্তায় বা অন্য কোনো স্থানে বন্দুকের দ্বারা সহিংসতার ঘটনায় বিয়োগান্ত নাটক এবং মর্মবেদনা সহ্য করতে বাধ্য না

হন তা নিশ্চিত করতে স্টেটের এবং মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার নেতাদের অবশ্যই একযোগে কাজ করা অব্যাহত রাখতে হবে।"

"বন্দুকের থেকে বাঁচার উপায় সম্পর্কে সাধারণ জ্ঞান বৃদ্ধির প্রচারের জন্য এই গত গ্রীষ্মে আমি গভর্নর কুওমোর সাথে সমগ্র স্টেটের স্কুলগুলিতে গেছিলাম", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "রেড ফ্ল্যাগ বিলটিকে স্বাকক্ষর করে আইনে পরিণত করা আমাদের বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ের প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাবে এবং যেসব মানুষ নিজেদের ও অন্যদের ক্ষতি করতে পারে তাদের থেকে বন্দুককে দূরে রাখবে। যুক্তরাষ্ট্রীয় সরকার যখন আমেরিকাবাসীদের রক্ষা করতে ব্যর্থ হয়েছে, তখন নিউ ইয়র্ক আমাদের সমাজে ঘটে চলা কাণ্ডজ্ঞানহীন বন্দুক সহিংসতা বন্ধ করতে সহায়তা করতে এবং জীবন রক্ষা করতে সহায়তা করার জন্য পথ দেখাচ্ছে এবং আইন প্রণয়ন করছে।"

নিউ ইয়র্ক স্টেটে বর্তমানে এমন কোনো আইন নেই যা ব্যবহার করে কোর্ট সহিংস ব্যবহারের মতো লাল পতাকা আচরণ প্রদর্শন করছে বা নিজের বা অন্যের (যদি না এই অন্য ব্যক্তি কোনো অপরাধ বা পারিবারিক অপকর্মের জন্য অভিযুক্ত হয়) ক্ষতি করতে পারে এমন আচরণ করছে এমন ব্যক্তির কাছ থেকে সাময়িকভাবে আগ্নেয়াস্ত্র জব্দ করতে পারে। পাশাপাশি, দেশের কোনো স্টেটেই এখন পর্যন্ত কোর্টের হস্তক্ষেপের সহায়তায় স্কুলে গুলিবর্ষণ বন্ধ করতে শিক্ষক ও স্কুল প্রশাসনকে অনুমতি দেয় না।

এই আইনের ফলে কোনো যথার্থ প্রক্রিয়ার মধ্য দিয়ে না গিয়ে আগ্নেয়াস্ত্র অপসারণ করা হবে না তা নিশ্চিত করতে সব প্রয়োজনীয় পদ্ধতিগত সেফগার্ড প্রদান করবে এবং একটি সাথে এটিও নিশ্চিত করবে যে পার্কল্যান্ড ফ্লোরিডার স্কুলে গুলিবর্ষণের মতো দুঃখজনক ঘটনা যাতে আর না ঘটে। এই গণ গুলিবর্ষণের ক্ষেত্রে, যে গুলি চালিয়েছে তার বিরুদ্ধে একাধিক উৎস বিশৃঙ্খল ও বিপজ্জনক আচরণ করার কথা জানিয়েছে কিন্তু তারপরেও সে প্রাণঘাতী আগ্নেয়াস্ত্র কিনতে ও নিজের কাছে রাখতে পেরেছে। প্রকৃতপক্ষে, একটি সাম্প্রতিক বিশ্লেষণ বলে যে অর্ধেকের বেশি গণ গুলিবর্ষণের অপরাধী গুলি করার আগে সতর্কতা সঙ্কেত প্রদর্শন করে। এইসব ক্ষেত্রে একটি চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশ অগণিত অপ্রয়োজনীয় মৃত্যু ঠেকাতে পারতো।

দেশ জুড়ে বন্দুক সহিংসতার ক্ষোভ আমাদের সময়ের অন্যতম গুরুত্বপূর্ণ সমস্যা। বর্তমানে, মার্কিন যুক্তরাষ্ট্রে আগ্নেয়াস্ত্রের মাধ্যমে নরহত্যার হার বিশ্বের সবথেকে উন্নত দেশগুলির মধ্যে সর্বোচ্চ। অতি সাম্প্রতিক বছরের ডেটা অনুযায়ী, বন্দুকের দ্বারা হত্যার সংখ্যা পঞ্চাশ বছরের মধ্যে সর্বোচ্চতে পৌঁছেছে।

এর আগে গভর্নর কুওমো গত জুন 2018 তে রেড ফ্ল্যাগ গান প্রোটেকশান বিল (Red Flag Gun Protection Bill) পাশ করানোর জন্য সমগ্র স্টেটে একটি প্রচারাভিযানের মাধ্যমে বিপজ্জনক ব্যক্তিদের থেকে বন্দুক দূরে রাখতে বিষয়টিকে আইনের আওতায় আনতে চেয়েছিলেন। ক্যাম্পেইনে অন্তর্গত ছিল এই বিল ও অন্যান্য সাধারণ বুদ্ধির বন্দুক সংশোধন নিয়ম সমর্থনকারী শিক্ষার্থী, শিক্ষক ও স্কুল প্রশাসকদের সাথে একাত্মতা প্রকাশের জন্য পুরো স্টেটের স্কুলগুলিতে বেশ কিছু বাস ট্যুর।

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিরাপদ গোলাবারুদ এবং আগ্নেয়াস্ত্র প্রয়োগকরণ (Secure Ammunition and Firearms Enforcement, SAFE) আইন যা নৃশংস অপরাধীদের এবং মানসিকভাবে গুরুতর অসুস্থ মানুষদের কাছে যেন বন্দুক না থাকে, সেইজন্য ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়ায় যেন ব্যাকগ্রাউন্ড পরীক্ষা করা অন্তর্ভুক্ত থাকে, উচ্চ-ক্ষমতাযুক্ত ম্যাগাজিন এবং হামলা করার অস্ত্র যেন নিষিদ্ধ হয়, এবং অবৈধভাবে বন্দুক ব্যবহারের জন্য অপরাধের দণ্ড যেন আরো শক্ত হয় এসব বিষয় নিশ্চিত করে। গভর্নর সম্প্রতি আরো একটি আইন পাশ করেছেন যা গৃহ নির্যাতন এবং মারাত্মক বন্দুক সহিংসতার মধ্যে বেশ পরিচিত যোগাযোগকে প্রত্যক্ষ করেন।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "বন্দুক সহিংসতা থেকে আমাদের কমিউনিটি, আমাদের স্কুলগুলিকে রক্ষা করা, এবং আমাদের সকল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমাদের দায়িত্ব। বন্দুক নিরাপত্তা আইনের সাধারণ জ্ঞানের উপর কয়েক বছর ধরে নিষ্ক্রিয়তার পরে, স্টেট সেনেট চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশসমূহ (Extreme Risk Protection Orders) সহ গুরুত্বপূর্ণ বন্দুক নিরাপত্তা বিল পাশ করেছে। এই সাধারণ জ্ঞানটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই। আরও একবার, আমাদের স্টেট স্মার্ট বন্দুক আইনগুলিতে দেশের মধ্যে একটি দৃষ্টান্ত স্থাপন করল।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "একটি মর্মান্তিক ঘটনার পর আমাদের উদ্বেগ ও প্রার্থনা যথেষ্ট নয়। বিধানসভার সংখ্যা গরিষ্ঠদের বন্দুক সহিংসতা প্রতিরোধ করতে সাধারণ জ্ঞান সংস্কারগুলির জন্য লড়াইয়ের একটি দীর্ঘ ইতিহাস আছে,এবং আমি গর্বিত যে আমাদের সেনেট সহকর্মীদের সাথে কাজ করতে পেরেছি এবং অবশেষে এটি এবং অন্য পুনর্গঠনগুলিকে দেশের আইনে পরিণত করতে পেরেছি। আমি জানি বন্দুক সহিংসতার মূল সমস্যাগুলির সমাধান করার জন্য সর্বাধিক শক্তিশালী এবং কার্যকরী আইন নিশ্চিত করতে আমরা একযোগে কাজ করা অব্যাহত রাখব, এবং নিউ ইয়র্ককে সকলের জন্য একটি নিরাপদ স্থান বানাবো।"

সিনেটর ব্রায়ান ক্যাভানাহ বলেন, "বিধানসভায় এবং অতি সম্প্রতি সেনেটে, চূড়ান্ত ঝুঁকি প্রতিরক্ষা আদেশসমূহের জন্য অনেক বছর ধরে তদ্বির করার পর, অফিসিয়ালি ERPOকে আইন হিসাব স্বাক্ষরিত হতে দেখে আমি গর্বিত বোধ করছি। যাদের নিজেদের এবং অন্যের জন্য বিপজ্জনক বলে মনে হয় তাদের বন্দুকে অ্যাক্সেস সীমিত করার দ্বারা, আমরা নিউ ইয়র্কে বন্দুক সহিংসতা প্রতিরোধের দিকে অনেকটা এগিয়ে গেলাম। শক্তিশালী বন্দুক আইন, সুদক্ষ নীতিমালা প্রণয়নের, এবং কার্যকর কমিউনিটি হস্তক্ষেপ কৌশলসমূহের মাধ্যমে, আমরা নিউ ইয়র্ককে আরও নিরাপদ করে তোলার জন্য কাজ করে চলেছি। সেনেটর নেতা অ্যান্ড্রি-স্টুয়ার্ট কাজিন্স, স্পিকার কার্ল হেস্টি, অ্যাসেমব্লি স্পনসর জো অ্যান সিমোন, এবং আমাদের সাথে অংশগ্রহণ করে অক্লান্ত পরিশ্রম করা সকল আইনজীবিদের, এবং এই গুরুত্বপূর্ণ, জীবন রক্ষাকারী প্রস্তাবনাকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর অ্যান্ড্রু কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জো অ্যান সিমোন বলেন, "প্রায়ই, আমরা সতর্কতা চিহ্নগুলি দেখতে পাই যে আমাদে কাছে থাকা একজন ব্যক্তি আমাদের বা তার নিজের গুরুতর ক্ষতির ঝুঁকির কারণ, কিন্তু পারস্পরিক বন্দুক সহিংসতা বা আত্মহত্যার মত মর্মান্তিক ঘটনাগুলি আটকানোর উপায়ের অভাব আছে। এই আইন বন্দুক সহিংসতা ঘটার আগে সেটি আটকানোর জন্য পরিবারের সদস্য, আইন প্রণয়নকারী, এবং স্কুল কর্মীদের প্রয়োজনীয় হাতিয়ার প্রদান করবে। যেখানে বন্দুক সহিংসতার কারণে প্রতিদিন একশোর বেশি মানুষের মৃত্যু হয়, সেখানে আমাদের এই মর্মান্তিক ঘটনাগুলিকে আটকানোর জন্য অবশ্যই আরও কিছু করতে হবে। বন্দুক নিরাপত্তাতে আপনার প্রতিশ্রুতির জন্য, ধন্যবাদ, গভর্নর কুওমো।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন